দৈনিক সংবাদ

তারিখ ... 16 JUL 1990
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৩

87

৮২

এইচএসসি পরীক্ষার দ্বিতীয় দিন ।। ৬ জন আটক

# তিন হাজারের বেশী পরীক্ষার্থী বহিষ্কৃত

(নিজস্ব বার্তা পরিবেশক)

এইচ এস সি পরীক্ষার দ্বিতীয় দিনে গতকাল রোববার দেশের বিভিন্ন স্থানে নকলের দায়ে ৪ জন শিক্ষকসহ ৩ হাজার ১৫৯ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। ১৪টি কেন্দ্র থেকে বহিষ্কার করা হয়েছে ১৪০ জন পরীক্ষার্থী। নকল সরবরাহের দায়ে ১ জন শিক্ষক, ১ জন দপ্তরীসহ ৬ জন বহিরাগতকে আটক করা হয়েছে। মানিকগঞ্জের মহাদেবপুর কেন্দ্রে একজন পরীক্ষার্থীকে আটক করা হয়েছে ছোড়াসহ।

পরীক্ষাশেষে কালীগঞ্জ শ্রমিক কলেজে একদল ছাত্র অধ্যক্ষের কক্ষে ঢুকে তাকে লাঞ্ছিত করার সময় পুলিশ তাকে উদ্ধার করে।

বাসস-এর খবর ঢাকা বোর্ড কর্তৃপক্ষ জানিয়েছেন বোর্ডের ১৮১টি কেন্দ্র থেকে মোট বহিষ্কৃতের সংখ্যা ৩ হাজার ১৩৭ জন।

আমাদের নিজস্ব প্রতিনিধিরা জানান, কুমিল্লা জেলার ১৪টি কেন্দ্র

(৭-এর পাতায় দেখুন)

## পরীক্ষার দ্বিতীয় দিন

(১ম পাতার পর)

থেকে ৮শ' ৬০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এ ছাড়াও নকল সরবরাহের অভিযোগে ৫ জন বহিরাগতকে গ্রেফতার এবং হোমনায় ১ জন পরিদর্শককে বহিষ্কার করা হয়।

চাঁদপুরে মোট ৯২ জন ছাত্রকে বহিষ্কার করা হয়েছে।

নকল সরবরাহের অভিযোগে মতলব কলেজ কেন্দ্রে হরিকৃষ্ণ তরফদার নামে কলেজের একজন শিক্ষককে গ্রেফতার করা হয়েছে।

ব্রাহ্মণবাড়িয়া জেলার ৯টি কেন্দ্রে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ১শ' ৫৮ জনকে বহিষ্কার করা হয়েছে।

দাউদকান্দি উপজেলার হাসানপুর কলেজ পরীক্ষা কেন্দ্র থেকে ১শ' ৮২ জন ছাত্রছাত্রীকে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়।

বগুড়ার ১০টি কেন্দ্রে নকলের দায়ে ও নকল করতে সহযোগিতা করার জন্য ৩ জন শিক্ষকসহ মোট ৬শ' ৫৫ জনকে বহিষ্কার করা হয়েছে।

লক্ষ্মীপুর জেলার ৪টি কেন্দ্র থেকে ৯৯ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এ ছাড়াও নকল সরবরাহের অভিযোগে লক্ষ্মীপুর কলেজের ১ জন দপ্তরীকে আটক করা হয়েছে।

নওগাঁর চারটি কেন্দ্রে ৪২ জন, সান্তাহারের ১টি কেন্দ্রে ২১ জন এইচ এস সি পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে।

টঙ্গীর কালীগঞ্জ শ্রমিক কলেজ কেন্দ্র থেকে ৬ জন এবং টঙ্গী কলেজ কেন্দ্র থেকে ২ জনকে বহিষ্কার করা হয়।

গাজীপুর জেলার ৮টি কেন্দ্র থেকে ১শ' ১৫ জন ছাত্র বহিষ্কৃত হয়েছে।

বরগুনার ৬টি কেন্দ্রের ২৩ জন পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়েছে।

খুলনা শহরের ৪টি কেন্দ্রে ৪২ জন এবং ৬টা উপজেলা কেন্দ্র থেকে ২৭ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে।

রংপুর জেলার বিভিন্ন কেন্দ্র থেকে ১শ' ৭৯ জন, নড়াইলের ৩টি কেন্দ্র থেকে ২১ জন, সিরাজগঞ্জে ৯টি কেন্দ্র থেকে ১শ' ২১ জন, নীলফামারীর ৬টি কেন্দ্র থেকে ১শ' ৩৯ জন, নারায়ণগঞ্জে ৭৫ জন, মানিকগঞ্জে ৭৮ জন, নরসিংদীতে ৮৮জন, গফরগাঁয়ে ৯২ জন, বরিশালে ৮২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

### প্রথম পরীক্ষায় বহিষ্কৃত হলেও—

লক্ষ্মীপুর, ১৫ই জুলাই (নিজস্ব সংবাদদাতার ফোন)।– রামগতিতে এইচ এস সি পরীক্ষার প্রথম দিনের একজন বহিষ্কৃত পরীক্ষার্থিনী আজ দ্বিতীয় দিনের ইংরেজী পরীক্ষায় অংশ নিয়েছে। গত ১২ তারিখে অনুষ্ঠিত বাংলা পরীক্ষার সময় নকল করার অভিযোগে এই পরীক্ষার্থিনীকে রামগতি কেন্দ্র থেকে বহিষ্কার করা হয়েছিল।

বহিষ্কৃত এই পরীক্ষার্থিনীর রোল নম্বরঃ রাম ম ৪৮।

কলেজের অধ্যক্ষের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, এ ব্যাপারে বোর্ডে রিপোর্ট করা হয়েছে। এখন বোর্ডই সিদ্ধান্ত নিবে তাকে বহিষ্কার করা হবে কি না।

SHEET ___ OF ___ SHEETS